চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Chittagong University of Engineering & Technology (CUET)

**Website: http://student.cuet.ac.bd/admission2019**
**or**
**http://www.cuet.ac.bd/admission**

# ভর্তি পরীক্ষা

## শিক্ষাবর্ষ: ২০১৯-২০

# Admission Test
# Session: 2019-20

# ভর্তি নির্দেশিকা

## (Admission Prospectus)

# ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক কোর্সে ভর্তি বিষয়ক তথ্যাবলী

## ১। উপক্রমনিকা:

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ (চার) বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক কোর্সে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ১২ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাস্থান অনুসারেই প্রার্থীর আসন প্রাপ্তি নির্ধারণ করা হবে।

## ২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা:

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৯ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৮ ইং সালের সেপ্টেম্বরের পরে ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীকে ২০১৬ অথবা ২০১৭ সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক / আলীম / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ ও ইংরেজি বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০ পেয়ে পাশ করতে হবে এবং গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীতে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৭.৫০ পেতে হবে। ইংরেজী মাধ্যম / বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী GCE ‘O’ লেভেল এবং ‘A’ লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীসহ কমপক্ষে পাঁচটি বিষয়ে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে।

## ৩। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী:

**(ক)** বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের জন্য নিম্নলিখিত দু’টি গ্রুপ (“ক” ও “খ”) এর ভর্তি পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।

**গ্রুপ “ক” :** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ।

**গ্রুপ “খ” :** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ।

**ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপঃ**

<table>
<tr><th>বিভাগ</th><th>বিষয়</th><th>পাঠ্যসূচী</th></tr>
<tr><td rowspan="3">গ্রুপ “ক”<br>ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ</td><td>গণিত</td><td rowspan="3">২০১৯ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী</td></tr>
<tr><td>পদার্থ বিজ্ঞান</td></tr>
<tr><td>রসায়ন</td></tr>
<tr><td rowspan="4">গ্রুপ “খ”<br>ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ</td><td>গণিত</td><td rowspan="3">২০১৯ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী</td></tr>
<tr><td>পদার্থ বিজ্ঞান</td></tr>
<tr><td>রসায়ন</td></tr>
<tr><td colspan="2">মুক্তহস্ত অংকন (Free-hand Drawing) - শুধুমাত্র স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য।</td></tr>
</table>

**(খ)** “ক” গ্রুপের জন্য মোট ৬০০ নম্বরের ভর্তি পরীক্ষা এবং “খ” গ্রুপের জন্য মোট ১০০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নিম্নবর্ণিত ছকে দেয়া হলোঃ

| গ্রুপ “ক” | লিখিত পরীক্ষার নম্বর | গ্রুপ “খ” | লিখিত পরীক্ষার নম্বর |
|---|---|---|---|
| গণিত | ২০০ | গণিত | ২০০ |
| পদার্থ বিজ্ঞান | ২০০ | পদার্থ বিজ্ঞান | ২০০ |
| রসায়ন | ২০০ | রসায়ন | ২০০ |
| **মোট নম্বর =** | **৬০০** | মুক্তহস্ত অংকন | ৪০০ |
| | | **মোট নম্বর =** | **১০০০** |

## ৪। ভর্তির ন্যূনতম যোগ্যতাঃ

শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য অভিন্ন একটি তালিকা এবং স্থাপত্য বিভাগের জন্য পৃথক একটি তালিকা প্রকাশ করা হবে। একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান এবং রসায়নে প্রাপ্ত নম্বরের এবং স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে। উল্লেখ্য যে, ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষায় পাশ নম্বর ৩৫% এবং স্থাপত্য বিভাগের প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষায় এবং মুক্তহস্ত অংকনে আলাদাভাবে পাশ নম্বর ৩০%। রাখাইন সম্প্রদায় ও নৃ-গোষ্ঠীর (উপজাতি) ক্ষেত্রে ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা একটি তালিকা প্রকাশ করা হবে।

## ৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী (দেশের শিক্ষাবোর্ড থেকে পাশকৃতদের জন্য):

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফি রকেট এর মাধ্যমে প্রদান পূর্বক ভর্তির আবেদন ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করতে হবে।


<u>**পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:**</u>

**ধাপ ১ : আবেদন যোগ্যতা যাচাই**


- http://student.cuet.ac.bd/admission2019/application.php অথবা http://www.cuet.ac.bd/admission এ প্রবেশ করতে হবে।




- SSC এবং HSC এর Board/Institute, Passing Year, Roll No এবং Registration No. পূরণের পর Next বাটনে click করতে হবে।




- আবেদনকারীকে গ্রুপ সিলেক্ট করে Next বাটনে click করতে হবে।




**ধাপ ২ : আবেদন ফি পরিশোধ**


আবেদনকারী নিজস্ব রকেট একাউন্ট থেকে অথবা সংশ্লিষ্ট Agent Point থেকে আবেদন ফি পরিশোধ করতে পারবে। নিম্নোক্ত চিত্রসমূহে উল্লিখিত ধাপসমূহ অনুসরণ করে রকেট এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি গ্রুপ - “ক” (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) এর জন্য ১,০০০/- (এক হাজার) টাকা (সার্ভিস চার্জ সহ) এবং গ্রুপ- “খ” (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) এর জন্য ১,১০০/- (এক হাজার একশত) টাকা (সার্ভিস চার্জ সহ) পরিশোধ করতে হবে।





- সফল পেমেন্টের SMS হতে Transaction ID টি সংরক্ষণ করতে হবে।

আবেদন ফি পরিশোধের পরে http://student.cuet.ac.bd/admission2019 অথবা http://www.cuet.ac.bd/admission ওয়েবসাইটে পুনরায় প্রবেশ করতে হবে। Mobile No., Email, Address, Transaction ID এবং Tribal (যদি থাকে) পূরণের পর Next বাটনে click করতে হবে।


- সকল তথ্য সঠিক থাকলে Next বাটনে click করতে হবে। অন্যথায় Edit Information এ click করে তথ্য Edit করা যাবে।





- নির্দেশনা মতে, আবেদনকারীর ছবি এবং স্বাক্ষর Upload করার পর Submit & Print এ click করতে হবে।



- সফলভাবে আবেদন সম্পন্ন হলে Web Browser এ **“You have successfully completed online application”** দেখা যাবে।




- আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে Download Application Form এ click করতে হবে। নিম্নোক্ত পেজটি ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।



Admission Test 2019-20
Chittagong University of Engineering & Technology (CUET)
Admission Date : October 12, 2019
Application Information

Applicant Name : AZMAIN HOSSAIN
Father Name : MD. AKHTER HOSSAIN
Mother Name : HASNAT JAHAN
Group : KA


Tribal : Yes
Application ID : 18992
Mobile No : 01775479932

** This document is not transferable. Please preserve it for future use.

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর প্রবেশপত্র **(Admit Card)** পাওয়া যাবে।

**ধাপ ৩ : প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর যোগ্য আবেদনকারীকে http://student.cuet.ac.bd/admission2019/admitcard.php অথবা http://www.cuet.ac.bd/admission ওয়েবসাইটে গিয়ে "Admit Card" মেনুতে click করতে হবে।




- Application ID ও HSC Registration No. দিয়ে Submit button এ click করলে ভর্তি পরীক্ষার **Admit Card** এর PDF version টি প্রদর্শিত হবে। উক্ত **Admit Card** টি A4 সাইজের সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। **প্রবেশপত্র (Admit Card) ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৬। **বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা এবং GCE 'O'/ 'A' লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইন এর মাধ্যমে আবেদন করতে পারবে না।** তারা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://student.cuet.ac.bd/admission2019** অথবা **http://www.cuet.ac.bd/admission** থেকে আবেদন ফরম ডাউনলোড করে নির্ধারিত ফি সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড, সিইউইটি শাখা, চট্টগ্রাম এর অনুকুলে ডিমান্ড ড্রাফ্ট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করে **রেজিস্ট্রার, চুয়েট, চট্টগ্রাম-৪৩৪৯** ঠিকানায় জমা দিবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফিস |
|---|---|---|
| "ক" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ১,০০০/-<br>(এক হাজার) টাকা |
| "খ" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১,১০০/-<br>(এক হাজার একশত) টাকা |

**পূরণকৃত আবেদনপত্রটি নিম্নলিখিত ডকুমেন্টসমূহসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার কাউন্টারে জমা দিয়ে প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণ করতে হবে।**

(I) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীটের সত্যায়িত কপি।

(II) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীটের সত্যায়িত কপি।

(III) প্রার্থীর ০৩ (তিন) কপি সদ্য তোলা (অনধিক ৩ মাস) পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।

৭। সকল পরীক্ষার্থী চুয়েট ওয়েবসাইট (**http://student.cuet.ac.bd/admission2019** অথবা **http://www.cuet.ac.bd/admission**) হতে ভর্তি নির্দেশিকা ২০১৯-২০ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি / ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে অনুচ্ছেদ-৮ এ উল্লিখিত মোবাইল নম্বরসমূহে যোগাযোগ করতে হবে।

৮। **ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণ:**

ক) নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র এবং 'A' লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশকৃতদের আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এই মেধা তালিকা হতে প্রথম ১০০০০ (দশ হাজার) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে, ১০০০০ (দশ হাজার) তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি বিষয়ে HSC তে প্রাপ্ত গ্রেড পয়েন্টের ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই গ্রেড পয়েন্ট প্রাপ্ত ১০০০০ (দশ হাজার) তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য যে, আবেদনকারীদের মধ্যে যারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য বলে বিবেচিত হবে না তাদেরকে প্রসেসিং ফি বাদ দিয়ে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (**http://student.cuet.ac.bd/admission2019** অথবা **http://www.cuet.ac.bd/admission**) দেয়া হবে। প্রার্থী নিজ দায়িত্বে তা জেনে নেবে।

**দ্রষ্টব্য:**

অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।

I. নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।
II. একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না।
III. আবেদন ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে রকেট এর **Call Center**-১৬২১৬ নম্বরে সার্বক্ষণিক যোগাযোগ করা যেতে পারে।
IV. **প্রবেশপত্র (Admit Card) ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

V. অনলাইনে আবেদন সংক্রান্ত যোগাযোগের জন্য মোবাইল নম্বর- 01759123148 এবং ভর্তি সংক্রান্ত সাধারণ যোগাযোগের জন্য মোবাইল নম্বর- 01759123103 এ অফিস চলাকালীন (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা) সময়ে যোগাযোগ করা যেতে পারে।

## ৯। ভর্তি পরীক্ষা গ্রহণের নিয়মাবলী:

**ক)** ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন [অনুচ্ছেদ-৩ এ বর্ণিত] পাঠ্যসূচীর উপর ভিত্তি করে নিম্নোক্ত সময়সূচী মোতাবেক শুধুমাত্র লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

| | | |
|---|---|---|
| "ক" গ্রুপ এবং "খ" গ্রুপ | গণিত, পদার্থ বিজ্ঞান এবং রসায়ন | ১২ অক্টোবর, ২০১৯ খ্রি. শনিবার সকাল ১০:০০ ঘটিকা থেকে বেলা ১:০০ ঘটিকা; মোট ০৩ ঘন্টা |
| "খ" গ্রুপ | মুক্তহস্ত অংকন | ১২ অক্টোবর, ২০১৯ খ্রি. শনিবার বিকাল ২:৩০ ঘটিকা থেকে ৪:৩০ ঘটিকা; মোট ০২ ঘন্টা |

**খ)** (I) মোবাইল ফোন, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

(II) শুধুমাত্র কালো কালির কলম / বলপেন দিয়ে উত্তরপত্রের নির্ধারিত স্থানে উত্তর দিতে হবে।

(III) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র বলপেন, পেন্সিল, ইরেজার (eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। **শুধুমাত্র নিম্নবর্নিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে:**

### List of Acceptable Calculators during Admission Test

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **CANON** | **F200** | **F401** | **F402** | **F500** | **F501** | **F502** |
| | **F601** | **F602** | **F604** | **F612** | **F720** | |
| **CASIO** | **FX82 SUPER** | **FX82MS** | | | | |
| | **FX100MS** | **FX100 ES** | **FX100 ES PLUS** | | | |
| | **FX115MS** | | | | | |
| | **FX570MS** | **FX570ES** | **FX570 ES PLUS** | **FX570W** | | |
| | **FX911MS** | **FX911S** | | | | |
| | **FX991D** | **FX991ES** | **FX991 ES PLUS** | **FX991H** | **FX991MS** | |
| | **FX992S** | **FX991EX** | | | | |
| **SHARP** | **EL506L** | **EL506R** | **EL506V** | **EL509G** | **EL509L** | **EL509R** |
| | **EL509V** | **EL510R** | **EL520G** | **EL520L** | | |
| | **EL531GH** | **EL531LH** | **EL531P** | **EL531RH** | **EL531V** | **EL531VB** |
| | **EL531VH** | **EL546G** | **EL546L** | **EL546R** | **EL546VA** | |
| | **EL553** | **EL556G** | **EL556L** | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| TEXAS INSTRUMENTS | BA REAL ESTATE | BA35SOLAR | BAIIPLUS | | | |
| | TI 25STAT | TI 30 Challenger | TI 30X | TI 30XA | TI 30X SOLAR | TI-30XIIS |
| | TI-30XIIB | TI 32 Xplorer PLUS | TI 34 | TI 35X | TI 36 SOLAR | TI 36X SOLAR |

## ১০। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী:

| | |
|---|---|
| ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু | ২৫ আগস্ট, ২০১৯ খ্রি. |
| খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ | ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি. বিকাল ৪:৩০ টা পর্যন্ত |
| গ) 'A' লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করার সময় | ২৫ আগস্ট, ২০১৯ খ্রি. হতে ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি. প্রতি কার্যদিবসে সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত |
| ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোলসহ নামের তালিকা প্রকাশ | ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি. |
| ঙ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় **(শুধুমাত্র লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে)** | **১২ অক্টোবর ২০১৯ খ্রি. শনিবার সকাল ১০:০০ ঘটিকা থেকে বেলা ১:০০ ঘটিকা; মোট ৩ ঘন্টা এবং মুক্তহস্ত অংকন একই দিন বিকাল ২:৩০ ঘটিকা থেকে ৪:৩০ ঘটিকা; মোট ২ ঘন্টা** |
| চ) মেধানুযায়ী ভর্তির জন্য নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ২৭ অক্টোবর, ২০১৯ খ্রি. |
| ছ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট **http://student.cuet.ac.bd/admission2019** অথবা **http://www.cuet.ac.bd/admission** মারফত জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না। | |

### বিশেষ দ্রষ্টব্য:

**উপর্যুক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র / ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (http://student.cuet.ac.bd/admission2019 অথবা http://www.cuet.ac.bd/admission) এ পাওয়া যাবে।**

## ১১। বিভিন্ন বিভাগ / বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন:

ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত সাধারণ প্রার্থীদের মেধা তালিকা থেকে প্রথম ৮৯০ জন এবং রাখাইন সম্প্রদায় ও নৃ-গোষ্ঠীর (উপজাতি) মধ্য হতে মেধা অনুযায়ী ১১ জনসহ মোট ৯০১ (নয়শত এক) জন প্রার্থীকে নিরীক্ষা কমিটি কর্তৃক সনদপত্রাদি নিরীক্ষা ও বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা দ্বারা স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন সাপেক্ষে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

খ) বিশ্ববিদ্যালয়ের ১২টি বিভাগের এবং সংরক্ষিত আসনের আসন সংখ্যা নিম্নরূপঃ

| Sl. No. | Name of the Department | Dept. Code | No. of Seats |
|---|---|---|---|
| 01. | Electrical and Electronic Engineering | EEE | 180 |
| 02. | Mechanical Engineering | ME | 180 |
| 03. | Civil Engineering | CE | 130 |
| 04. | Computer Science and Engineering | CSE | 130 |
| 05. | Electronics and Telecommunication Engineering | ETE | 60 |
| 06. | Architecture | ARCH | 30 |
| 07. | Biomedical Engineering | BME | 30 |
| 08. | Materials Science and Engineering | MSE | 30 |
| 09. | Mechatronics and Industrial Engineering | MIE | 30 |
| 10. | Petroleum and Mining Engineering | PME | 30 |
| 11. | Urban and Regional Planning | URP | 30 |
| 12. | Water Resources Engineering | WRE | 30 |
| | **Total No. of Seats:** | | **890** |

সর্বমোট ৮৯০টি আসন। এ ছাড়াও রাখাইন সম্প্রদায়ের জন্য ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে। ভর্তির জন্য অন্য কোন ধরনের আসন সংরক্ষিত নেই।

- বিদেশি ছাত্র / ছাত্রী উক্ত আসন বন্টনের আওতাভূক্ত নয়।

গ) ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকার স্থান এবং পরবর্তীতে প্রার্থী প্রদত্ত পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির বিভাগ নির্ধারিত হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের অনুচ্ছেদ-৪ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

ঘ) Limited number of foreign students can get admission through the Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh. Detailed information, related to this catagory is available at the website **http://student.cuet.ac.bd/admission2019** or **www.cuet.ac.bd/admission.**

ঙ) নৃ-গোষ্ঠীর (উপজাতি) সংরক্ষিত আসনের জন্য যোগ্যপ্রার্থীদের একটি পৃথক মেধাতালিকা প্রকাশ করা হবে। তবে প্রতি বিভাগে মেধাস্থান ও পছন্দ ক্রমানুসারে সর্বাধিক ২ (দুই) জনকে ভর্তি করা হবে।

## ১২। ভর্তির নিয়মাবলীঃ

**ক) ভর্তির সময় জমা দিতে হবে**

**I.** প্রার্থীকে নিজে Online এ ভর্তির জন্য নির্ধারিত ফরম পূরণ করতে হবে এবং পূরণকৃত ফরম এর ০১ (এক) টি কপি প্রিন্ট করে ভর্তির

তারিখে নিয়ে আসতে হবে। ভর্তির জন্য বিভাগের পছন্দক্রম Online Submission করার পর তা পরিবর্তন করা যাবে না।

II. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ছবিসহ এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড এবং এ বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র।

III. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।

IV. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।

V. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।

VI. উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের সাময়িক সনদপত্রের মূলকপি / শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।

VII. নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য উপজাতীয় সনদপত্রের মূল কপি। রাখাইন সম্প্রদায় ও নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) স্থানীয় পৌরসভা / জেলা পরিষদ / ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

VIII. সদ্য তোলা (অনধিক ৩ মাস) সত্যায়িত ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

**খ)** প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

**গ)** স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে রেজিস্ট্রারের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে মূল গ্রেডশীট এবং মূল / সাময়িক সনদপত্রসমূহ অবশ্যই দুই বছরের জন্য জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

**ঘ)** নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাশ শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড হতে ভর্তি ও পরবর্তীতে ক্লাশ শুরু সম্বন্ধে সকল তথ্য জেনে নেবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://student.cuet.ac.bd/admission2019** **অথবা** **http://www.cuet.ac.bd/admission**) থেকেও এতদ্‌সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

## ১৩। ভর্তি / ভর্তির যোগ্যতা বাতিল:

ক) কোন ভুল তথ্য ছাত্রত্ব থাকাকালীন যে কোন সময় ধরা পড়লে এবং প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।

খ) নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

গ) ভর্তির পর বিভাগ পরিবর্তনের সুযোগ নেই। তবে কোন বিভাগে আসন খালি হলে প্রার্থীর দেয়া পছন্দক্রম ও মেধা অনুসারে তা স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা হবে, সেক্ষেত্রে পছন্দ পরিবর্তনের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঘ) নির্ধারিত ফি প্রদান করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্যকারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

## ১৪। স্বাস্থ্য পরীক্ষা:

বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড, ভর্তি কমিটি কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ক্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। তবে দৃষ্টি শক্তির ক্রুটি ৭ দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য সাময়িক অনুপযুক্ততা যথা- হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে **Blood Group, Chest X-ray** এর মেডিক্যাল টেস্ট করে রিপোর্ট নিয়ে আসতে হবে। প্রয়োজনবোধে চুয়েট মেডিক্যাল সেন্টারে অথবা ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী চাহিত ডায়াগনষ্টিক সেন্টার হতে প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। টেস্টগুলোর রিপোর্ট অবশ্যই ভর্তির দিন মেডিক্যাল টেস্টের সময় মেডিক্যাল সেন্টারে জমা দিতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। উপরে বর্ণিত টেস্টগুলোর অতিরিক্ত কোন **Test** এর দরকার হলে তা পরে করিয়ে ক্লাস শুরুর আগে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক রিপোর্টসহ ভর্তির দিন জমা দিতে হবে।

## ১৫। আবাসিক হলের আসন:

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ৫টি এবং ছাত্রীদের ২টি আবাসিক হল আছে। **স্নাতক কোর্সে লেভেল-১ এ ভর্তিকৃত ছাত্রদের জন্য হলে আসন প্রাপ্তির সুযোগ সীমিত**। সেক্ষেত্রে যে সকল ছাত্র হলে আসন বরাদ্দ পাবে না তাদের নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে।

## বিশেষ দ্রষ্টব্য:

বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে। ভর্তি কমিটি কোন প্রার্থীকে স্নাতক কোর্সে পড়ার অনুপযুক্ত মনে করলে তার ভর্তি বাতিল করতে পারবে। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০১৯-২০) এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্নাতক কোর্সে ভর্তি হওয়া কোন ছাত্র / ছাত্রী ক্লাশ শুরু হবার পর একাদিক্রমে ০৬ (ছয়) সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে এবং প্রথম ০২ (দুই) সপ্তাহ ক্লাশে অনুপস্থিত থাকলে ২০১৯-২০ শিক্ষাবর্ষের লেভেল-১ এ অধ্যয়নের সুযোগ থাকবে না। 'A' লেভেল পাশকৃত প্রার্থীদের আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার রশিদ সংরক্ষণপূর্বক নিজের আবেদনপত্র নম্বর অবশ্যই সংরক্ষণ করতে হবে।

**চুয়েট ক্যাম্পাস শহর এলাকার বাইরে অবস্থিত বিধায় GEP বা কুরিয়ার সার্ভিস এলাকার বাইরে আছে। ডাক বিভ্রাট বা অন্য যে কোন কারণে নির্ধারিত সময়ের পরে আবেদন পত্র ('A' লেভেল, বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশকৃত ছাত্র/ছাত্রী এবং বিদেশি ছাত্রদের) পৌঁছালে তা বাতিলযোগ্য।**

১৬। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**সভাপতি**
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।